ভারতীয় গৈর ন্যায়িক

ভারত

পচাস রুপয়ে Rs.50

FIFTY RUPEES Rs.50

सत्यमेव जयते

INDIA

INDIA NON JUDICIAL

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

AE 977833

## -ঃ লীজ চুক্তিপত্র ঃ-

**লীজ দাতা/প্রথমপক্ষ**

বালুরঘাট পৌরসভা,
শোভা মজুমদার সরণী,
পক্ষে চেয়ারম্যান
শ্রীঅশোক কুমার মিত্র
পোঃ ও থানা- বালুরঘাট
জেলা- দক্ষিন দিনাজপুর।

**লীজ গ্রহীতা/দ্বিতীয়পক্ষ**

শ্রী অভিজিৎ মণ্ডল,
পিতা- মৃত অনুকুল মণ্ডল,
সাং- উত্তর চকভবানী,
সঙ্কেত পাড়া,
পোঃ ও থানা- বালুরঘাট,
জেলা- দক্ষিন দিনাজপুর।

Avijit Mandal

ক্রমশঃ পৃষ্ঠা নং-২

Bidyut Kumar Roy
Panel Advocate
Balurghat Municipality
Balurghat, Dakshin Dinajpur

23/05/2023
Chairman
Balurghat Municipality

No. 2575 Rs. ............ Date 13/4/23
sold to Balurghat Municipality
Vill. ............ P.S. Btr
Dist. Dakshin Dinajpur

Sanjoy Roy.

SANJOY ROY
Stamp Vendor, Balurghat, D/Dinajpur
Code No. 32, Licence No. 11
Challan No 45 Date 4/4/23

কস্য লীজচুক্তিনামা পত্র মিদং লিখিতং কার্য্যঞ্চাগে জেলা দক্ষিণ দিনাজপুর থানা বালুরঘাট ও পৌরসভার অধীন পুরাতন সাব-জেল মার্কেট কমপ্লেক্স-এ পৌরসভার মালিকানাধীন পাকা ইমারত রহিয়াছে তাহাতে আমি লীজ গ্রহীতা নিম্ন বর্নিত দোকান ঘর লীজের ভিত্তিতে লইবার জন্য পৌরসভার নিকট যে আবেদন করিয়াছিলাম আপনি পৌরাধ্যক্ষ মহাশয় আমার সে প্রার্থনা স্থানীয় কাউন্সিলারের সুপারিশে মঞ্জুর করায় আমি নিম্নে উল্লিখিত শর্ত মোতাবেক তাহা লীজ লইতে সম্মত হইয়া অত্র চুক্তিনামা লিখিয়া দিয়া স্বীকার ও অঙ্গীকার করিতেছি যে, অত্র লীজ চুক্তিনামার শর্তাবলী আমি যথাযথ মানিয়া চলিতে বাধ্য থাকিব।

### ঃ- শর্তাবলী ঃ-

১) আমি পৌরসভার মালিকানাধীন পুরাতন সাব-জেল মার্কেট কমপ্লেক্স-এর ৪নং দোকান ঘরটি ৩,৫০,০০০/- (তিন লক্ষ পঞ্চাশ হাজার টাকা) অফেরৎযোগ্য সেলামী প্রদানে ১০ বৎসর লীজের মেয়াদে বার্ষিক ৫০০/- (পাঁচ শত) টাকার লীজ রেন্টে লীজ লইলাম। আমি বাৎসরিক লীজ রেন্ট ৫০০/- টাকা নিয়মিতভাবে প্রতি বৎসর প্রদান করিয়া লীজ নবীকরণ করিব। লীজের সময়সীমা বা মেয়াদ প্রতি বৎসর ৩১শে মার্চ শেষ দিন হিসাবে ধার্য হইবে। উক্ত নবীকরণ প্রতি বৎসর ৩০শে এপ্রিলের মধ্যে করিতে হইবে।

২) অত্র লীজ চুক্তিনামা বর্তমান ইংরাজী ০১/০৪/২০২৩ তারিখ হইতে বলবত বা কার্যকর হইবে।

৩) লীজ গ্রহীতা-দ্বিতীয়পক্ষকে তাহার নিজ নামে কেবলমাত্র পৌরসভার হোল্ডিং, ট্রেড লাইসেন্স সম্মতিপত্র এবং অন্যান্য এইরুপ সুবিধা পাওয়ার অধিকার দেওয়া হইবে।

৪) লীজ রেন্ট প্রতি তিন বৎসর পর পর ৫% হারে বৃদ্ধি পাইবে।

৫) বৈদ্যুতিক শক্তি ব্যবহার জনিত সর্বপ্রকার ব্যয় আমি লীজ গ্রহীতা নিজে গ্রহন করিব। তবে পৌরসভার অনুমতি ছাড়া বৈদ্যুতিক সংযোগ বা বৈদ্যুতিক লাইন সারাইতে পারিব না বা কোন প্রকার ক্ষতিসাধন করিতে পারিব না। কোন কারনে বৈদ্যুতিক লাইন বা মিটার প্রভৃতির ক্ষতি হইলে, ভাঙ্গিয়া গেলে বা নষ্ট হইলে মেরামতির অর্থ যাহা পৌর কর্তৃপক্ষ নির্দ্ধারন করিবে তাহা ক্ষতিপূরন হিসাবে দিতে বাধ্য থাকিব।

৬) লিজ লওয়া অংশের বাহিরের অংশ যথা ছাদ, সিঁড়ি, প্যাসেজসহ অন্যান্য যাবতীয় অংশের মালিকানা পৌরসভার থাকিবে।

ক্রমশঃ পৃষ্ঠা নং/৩

Bidyut Kumar Roy
Panel Advocate
Balurghat Municipality
Balurghat, Dakshin Dinajpur

23/05/2023
Chairman
Balurghat Municipality

৭) যে কোন দিন যে কোন সময় (কাজের দিন বা অন্য দিন) ঘরের ছাদ মেরামতি ও সম্প্রসারনের কাজ পৌরসভা করিতে পারিবে এবং ঘরের অবস্থা পরীক্ষার জন্য পৌরাধ্যক্ষ বা তাহার প্রতিনিধি যে কোন দিন যে কোন সময়ে ঘরে প্রবেশ করিতে পারিবে। ছাদ ছাড়া যাবতীয় মেরামতির কাজ আমি লীগ গ্রহীতা নিজ খরচে করিতে বাধ্য থাকিব।

৮) পৌরকর্তৃপক্ষের লিখিত অনুমতি ছাড়া লীজ লওয়া দোকান ঘর বা তাহার কোন অংশের মেরামতি বা সম্প্রসারন বা পরিবর্ত্তন করার কোন অধিকার লীজ গ্রহীতার থাকিবে না।

৯) লিজ লওয়া দোকান ঘর কেবলমাত্র ব্যবসার কাজেই ব্যবহার করা যাইবে। আইনতঃ গ্রাহ্য প্রয়োজনীয় লাইসেন্স এবং অন্যান্য অনুমতিপত্র উক্ত ব্যবসার জন্য থাকিতে হইবে। লীজ গ্রহীতা লীজ লওয়া ঘরে কোনরূপ বেআইনি ব্যবসা পরিচালনা করিতে পারিবে না বা কোনরূপ দাহ্য বা বিস্ফোরক মালামাল মজুত করিতে পারিবে না।

১০) পৌরকর্তৃপক্ষের লিখিত সম্মতি ছাড়া আমি লীজ গ্রহীতা দোকান ঘরে বা ঘরের কোনো অংশ সাব-লীজ দিতে পারিব না বা উপ-ভাড়াটিয়া বসাইতে পারিব না বা কাহাকেও হস্তান্তর করিতে পারিব না। দোকান ঘরে আমার লীজ গ্রহীতার নিজ স্বার্থারোপ করিবার কোনো অধিকার থাকিবে না। উল্লেখ থাকে যে, অত্র দোকান ঘরে ব্যবসার জন্য কেবলমাত্র আমার নামীয় আমার দ্বারা পরিচালিত ব্যবসার জন্য পৌরসভা ট্রেড লাইসেন্স প্রদান করিবে। অন্য কাহারো আবেদন গ্রাহ্য হইবে না।

১১) আমি লীজ গ্রহীতা বিনা কারণে লীজ লওয়া দোকান ঘর বন্ধ রাখতে পারিব না, যদি কোনো কারণে লাগাতার তিন মাস দোকান ঘর বন্ধ থাকে তাহা হইলে পৌরকর্তৃপক্ষ বিনা নোটিশে আমাকে উচ্ছেদ করিতে পারিবে।

১২) কোনো প্রাকৃতিক দুর্যোগ বা অকল্পিত দুর্ঘটনায় দোকানঘর বা লিজ লওয়া অংশের ক্ষতি হইলে পৌরসভা দায়বদ্ধ থাকিবে না।

১৩) দোকানের সাটার অন্যান্য সামগ্রী রক্ষনাবেক্ষণের পূর্ণ দায়িত্ব আমার অর্থাৎ লীজ গ্রহীতার, কোনো কারণে সাটার বা অন্যান্য সামগ্রী নষ্ট হইলে আমি নিজ অর্থ ব্যয়ে তাহা মেরামত করিব বা নতুন লাগাইব। এই বিষয়ে পৌরসভার কোনো দায়-দায়িত্ব থাকিবে না।

ক্রমশঃ পৃষ্ঠা নং/৪

Bidyut Kumar Roy
Panel Advocate
Balurghat Municipality
Balurghat, Dakshin Dinajpur

Chairman
Balurghat Municipality

১৪) আইনগত সমস্ত বিষয়টি দক্ষিন দিনাজপুর জেলার বালুরঘাট আদালতের এক্তিয়ার ভূক্ত থাকিবে।

১৫) অধিকন্তু একমাসের বিজ্ঞপ্তি দিয়া যে কোনোপক্ষই চুক্তি চলাকালীন যে কোনো সময়ে চুক্তি বাতিল করিতে পারিবে।

১৬) উপরন্তু শর্তাবলীর যে কোনো একটিও আমি লীজ গ্রহীতা লঙ্ঘন করিলে পৌরসভা অর্থাৎ প্রথমপক্ষ কোনো প্রকার কারণ না দর্শাইয়া আমাকে লীজ লওয়া ঘর হইতে উচ্ছেদ করিবার অধিকার থাকিবে।

১৭) মেয়াদের মধ্যে লীজ বাতিল না হইলে লীজ মেয়াদ অন্তে লীজ লওয়া ঘরের শান্তিপূর্ন দখল লীজ গ্রহীতা পৌরসভার প্রদান করিবে। নতুবা ক্ষতিপূরনসহ উচ্ছেদ হইবে।

এতদার্থে লীজচুক্তিপত্রের মর্ম সম্যক পাঠ করিয়া অবগত হইয়া অন্যের বিনা প্ররোচনায় স্বেচ্ছায় স্বজ্ঞানে সুস্থ শরীরে অন্যের বিনানুরোধে সাক্ষীগনের উপস্থিতিতে আমরা উভয়পক্ষ লীজ চুক্তি নামায় সহি সম্পাদন করিলাম।

তাং – ইংরাজী ২০/০৫/২০২৩, বাংলা- ৫ই জ্যৈষ্ঠ, ১৪৩০ শনিবার।

**দোকান ঘরের বিবরন ঃ-** বালুরঘাট পৌরসভার অধীনস্থ Old Sub-Jail Market Complex -এর ৪নং দোকান ঘর।

স্বাক্ষী ঃ-

Dhiman Basak

Sudeep Sarkar

মুসাবিদাকারক ঃ-

Bidyut Kumar Roy

**Bidyut Kumar Roy**
Panel Advocate
Balurghat Municipality
Balurghat, Dakshin Dinajpur

23/05/2023

Chairman
Balurghat Municipality

প্রথমপক্ষ/লীজ দাতার স্বাক্ষর

Avijit Mandal

দ্বিতীয়পক্ষ/লীজ গ্রহীতার স্বাক্ষর